শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১ম কর্পোরেশন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ২০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ ॥ ০৩ জুন ২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | ১০ নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার, মিরপুর-১, ঢাকা। |

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা **পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে স্বাগত জানান। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভায় কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে প্রয়াত মেয়র জনাব আনিসুল হক, প্রয়াত প্যানেল মেয়র জনাব মোঃ ওসমান গণি সহ যে সকল সম্মানিত কাউন্সিলর মৃত্যুবরণ করেছেন তাঁদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। অতপরঃ নব নির্বাচিত কাউন্সিলরদের উপস্থিত সকলের সাথে পরিচয় করিয়ে সম্মানের সহিত বরণ করে নেওয়া হয়। সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তাকে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলামের নেতৃত্বে আজ থেকে শুরু হচ্ছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুন পথ চলা। প্রথমে ১০০ দিনের কর্মপরিকল্পনা গ্রহণ করে সম্মানিত কাউন্সিলরবৃন্দের সার্বিক সহযোগিতায় বাস্তবায়নের রূপরেখা প্রণয়নের জন্য তিনি কর্মকর্তাগণের প্রতি আহ্বান জানান। অতপরঃ তিনি ডিএনসিসি'তে সদ্যযোগদানকৃত কর্মকর্তাদের পরিচয় করিয়ে দেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| **আলোচ্যসূচি-১** | : | **বিগত ১৫ মার্চ ২০২০ তারিখ অনুষ্ঠিত ৩৫তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ** |
|---|---|---|
| আলোচনা | : | বিগত ১৫ মার্চ ২০২০ তারিখ অনুষ্ঠিত ৩৫তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ৩৫ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| **আলোচ্যসূচি-২** | : | **মাননীয় মেয়র এর স্বাগত বক্তব্য** |
|---|---|---|
| আলোচনা | : | মাননীয় মেয়র তাঁর স্বাগত বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানান। বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে যারা মৃত্যুবরণ করেছেন তাঁদের সকলের আত্মার মাগফিরাত করে সভাপতি বলেন, করোনার মতো ভয়াবহ মহামারীর সময় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল কাউন্সিলর কর্মকর্তা-কর্মচারিগণ ত্রাণ বিতরণ, কোয়ারেন্টাইনসহ সার্বিক জনসচেতনতামূলক কাজে সম্মুখ যোদ্ধার ভূমিকা পালন করেছেন এবং নিয়মিত সেবা প্রদান ও অফিস করেছেন। এ জন্য তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন পরিবারের সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি উল্লেখ করেন যে, করোনার ভয়াল গ্রাসকে উপেক্ষা করে ডিএনসিসি সকল নাগরিক সুবিধা নিশ্চিত করার চেষ্টা চালাচ্ছে। এ ছাড়াও করোনার নমুনা সংগ্রহ সহজীকরণের জন্য ডিএনসিসি'র আওতাধীন ৭টি স্থানে করোনা ভাইরাসের স্যাম্পল কালেকশন বুথ স্থাপন করা হয়েছে, এ বিষয়ে কাউন্সিলরগণ প্রয়োজনীয় সহযোগিতা করেছেন। তিনি বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সার্বক্ষণিক জনসেবায় নিয়োজিত আছে এবং করোনাকালীন এক দিনের জন্যও অফিস বন্ধ করা হয়নি। করোনা মহামারির মধ্যে ডিএনসিসি'র আওতাধীন এলাকায় কাউন্সিলরদের মাধ্যমে প্রায় ৫ লক্ষ অসহায়-কর্মহীন পরিবারকে ত্রাণ দেওয়া হয়েছে উল্লেখ করে সভাপতি বলেন, ত্রাণ বিতরণে দুর্নীতি করলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ত্রাণ বিতরণ কার্যক্রমে হট লাইন চালু করা হয়েছে। সরকারি ত্রাণের পাশাপাশি সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে ৮৭,১৭২টি পরিবারকে খাদ্যসামগ্রী মানবিক সহায়তা হিসেবে প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, ডিএনসিসি'র সকল স্বাস্থ্য কেন্দ্রে বিনা ফি'তে ডেঙ্গু পরীক্ষা হবে। ৬ জুন ২০২০ তারিখ থেকে মশক বিরোধী বিশেষ পরিচ্ছন্নতামূলক চিরুনী অভিযান শুরু হবে চলবে। এ কাজে কমিউনিটির লোকদের সম্পৃক্ত করার |

| | | |
|---|---|---|
| | | আহ্বান জানান।। তিনি আরো বলেন, হোল্ডিং ট্যাক্স শতভাগ অনলাইনে প্রদান করার জন্য ডিএনসিসি সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। রাজস্ব আয় বাড়ানোর স্বার্থে নতুন এলাকায় ট্যাক্স নির্ধারণ করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করে বলেন, জুন/২০২০ পর্যন্ত হোল্ডিং ট্যাক্স আদায়ের ক্ষেত্রে কোন বিলম্ব ফি বা জরিমানা গ্রহণ করা হবে না। |
| সিদ্ধান্ত | : | ১. নতুন এলাকায় হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করার প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>২. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করবেন।<br>৩. করোনা কালীন সার্বিক ত্রাণ বিতরণ কাজে কোন দুর্নীতি সহ্য করা হবে না।<br>৪. ডিএনসিসি'র সকল স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হবে।<br>৫. ৬ জুন থেকে অনুষ্ঠেয় মশক বিরোধী বিশেষ পরিচ্ছন্নতামূলক চিরুনী অভিযানে কমিউনিটি সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে। |
| বাস্তবায়ন | : | ১. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা/ প্রধান রাজস্ব কর্মকর্তা/প্রধান স্বাস্থ্য কর্মকর্তা/প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৩ | : | **করোনা ভাইরাস প্রতিরোধ বিষয়ে ডিএনসিসি'র গৃহীত সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করণ** |
|---|---|---|
| আলোচনা | : | করোনা ভাইরাস প্রতিরোধ বিষয়ে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অবহিত করেন-<br>১. করোনা ভাইরাস নিয়ন্ত্রণে ডিএনসিসি'র আওতাধীন নগর মাতৃসদন হাসপাতাল এবং নগর স্বাস্থ্য কেন্দ্রসমূহে ২০০ টি ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী, ২০০০০ জোড়া গ্লাভস, ২০০০ জোড়া মাস্ক এবং ২০০ টি হ্যান্ড সেনিটাইজার বিতরণ করা হয়েছে।<br>২. ডিএনসিসি'র আওতাধীন ০৫ টি নগর মাতৃসদন হাসপাতালে করোনা ভাইরাস সম্পর্কিত চিকিৎসা/পরামর্শের জন্য হটলাইন চালু করা হয়েছে।<br>৩. করোনা ভাইরাস সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য প্রতিটি ওয়ার্ডে মাইকিং করা হয়েছে।<br>৪. মশক নিধন কর্মী ও পরিচ্ছন্নতা কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য ১০০০ (এক হাজার) জোড়া গামবুট, ৫০০০ (পাঁচ হাজার) জোড়া উন্নত মানের লম্বা গ্লাভস, ৮০০০ (আট হাজার) মাস্ক এবং ৫০০০ (পাঁচ হাজার) স্মার্ট জ্যাকেট বিতরণ করা হয়েছে।<br>৫. ব্র্যাক এর সহযোগিতায় করোনা আক্রান্ত রোগী সনাক্তের জন্য নমুনা সংগ্রহের জন্য ১৪ মে ২০২০ থেকে ডিএনসিসি এলাকায় ৭টি বুথ স্থাপন করা হয়েছে।<br>৬. করোনা ভাইরাস নিয়ন্ত্রণে হস্তচালিত মেশিন/হুইলব্যারো মেশিনের সাহায্যে ওয়ার্ডের বিভিন্ন স্থানে জীবানুনাশক হিসেবে ব্লিচিং পাউডার স্প্রে করার জন্য ২৫ কেজি ওজনের ২ (দুই) বস্তা ব্লিচিং পাউডার সরবরাহ করা সম্পন্ন হয়েছে।<br>৭. করোনা ভাইরাস নিয়ন্ত্রণে প্রতিটি মশক নিধন কর্মীদের মাঝে হাত ধোয়ার সাবান বিতরণ করা হয়েছে।<br>৮. ১০ টি ওয়াটার ব্রাউজারের (পানির গাড়ি) সাহায্যে ব্লিচিং পাউডার মিশ্রিত জীবানুনাশক স্প্রে করা হচ্ছে। |
| সিদ্ধান্ত | : | করোনা সংক্রমণের বিস্তার রোধে সরকারি নির্দেশনার আলোকে ডিএনসিসি সর্বাত্মক উদ্যোগ অব্যাহ রাখবে। |
| বাস্তবায়ন | : | সম্মানিত কাউন্সিলর (সকল)/সকল বিভাগীয় প্রধান/সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |

| আলোচ্যসূচি-৪ | : | **ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোধে বিশেষ অভিযান সম্পর্কে ধারণা প্রদান** |
|---|---|---|
| আলোচনা | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোধে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।<br>১. বর্তমান সময়ে ডেঙ্গু বিষয়ে জনগণকে সচেতন করার জন্য মসজিদের মাইকে ফজর ব্যতীত অন্য ০৪ ওয়াক্ত আযানের পর জনসচেতনতা মূলক বার্তা পাঠ করা। এই ব্যাপারে সম্মানিত কাউন্সিলরগণের সম্পৃক্ততা প্রয়োজন।<br>২. আসন্ন বর্ষা মৌসুমে নগরবাসীকে ডেঙ্গু চিকুনগুনিয়া রোগ থেকে রক্ষার জন্য সচেতনতার পাশাপাশি এডিস মশার বংশ বিস্তারের স্থান সনাক্ত ও ধ্বংস করার জন্য আগামী ৩ মাস প্রতি মাসে ১০ দিন করে চিরুনী অভিযান পরিচালনা করা হবে। সে মোতাবেক ৬ জুন হতে ১৫ জুন, ৪ জুলাই হতে ১৩ জুলাই এবং ৮ আগস্ট হতে ১৭ আগস্ট পর্যন্ত চিরুনী অভিযান পরিচালনা করা হবে।<br>৩. এডিস মশার বংশ বিস্তারের স্থান সনাক্ত ও ধ্বংস করতে জনগণকে সচেতন ও সম্পৃক্ত করার জন্য প্রতি |

মাসে তিন দিন করে মাইকের মাধ্যমে প্রচারণা চালানো হবে।

৪. এডিস মশার বংশ বিস্তারের স্থান সনাক্ত ও ধ্বংস করার কাজে জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণ জরুরী। সম্মানিত কাউন্সিলরগণ এ ব্যাপারে তাঁর নিজ নিজ এলাকার জনগণকে সচেতন করতে অবদান রাখতে পারেন।

৫. এরপরও কোন স্থানে এডিশ মশার প্রজননস্থল পাওয়া গেলে বা লার্ভা পাওয়া গেলে মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বা নিয়মিত মামলা দায়ের করা হবে।

**সিদ্ধান্ত** :

১. ডেঙ্গু বিষয়ে জনগণকে সচেতন করার জন্য মসজিদের মাইকে ফজর ব্যতীত অন্য ০৪ ওয়াক্ত আযানের পর জনসচেতনতা মূলক বার্তা পাঠ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. এডিস মশার বংশ বিস্তারের স্থান সনাক্ত ও ধ্বংস করতে জনগণকে সচেতন ও সম্পৃক্ত করার জন্য প্রতি মাসে তিন দিন করে মাইকের মাধ্যমে প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আগামী ৬-১৫ জুন, ৪-১৩ জুলাই এবং ৮-১৭ আগস্ট পর্যন্ত মশক বিরোধী বিশেষ পরিচ্ছন্নতামূলক চিরুনী অভিযান পরিচালনা করা হবে।

৪. কোন স্থানে এডিশ মশার প্রজননস্থল পাওয়া গেলে বা লার্ভা পাওয়া গেলে মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বা নিয়মিত মামলা দায়ের করা হবে।

**বাস্তবায়ন** :

১. সম্মানিত কাউন্সিলর (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

২. বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ/স্বাস্থ্য বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি-৫** : **বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আর্থিক ক্ষতি/আয়ের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়া প্রসঙ্গে অবহিতকরণ**

**আলোচনা** : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০২০ অর্থ বছরে নিজস্ব ২৪টি খাতে রাজস্ব আয় ধরা হয়েছিল ১১০৬ কোটি ৪০ লক্ষ টাকা। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে গত জুলাই, ২০১৯ হতে মে, ২০২০ এগারো মাস পর্যন্ত আয় হয়েছে মাত্র ৫৫৯.৩০ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৫০.৫৬%।

চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে সরকারি থোক অনুদান হিসেবে বাজেট ধরা হয়েছিল ১৫০ কোটি টাকা। তার মধ্যে ৭৪ কোটি ৬৮ লক্ষ টাকা পাওয়া যায়। উক্ত টাকা থেকে ৭২ কোটি ৮১ লক্ষ ব্যয় হয়েছে এবং ১ কোটি ৮৭ লক্ষ টাকা অবশিষ্ট আছে।

আয় (কোটি টাকায়)

| ক্রম | বিবরণ | বাজেট ২০১৯-২০২০ | প্রকৃত আয় (জুলাই, ২০১৯ - মে, ২০২০) | আয়ের হার |
|---|---|---|---|---|
| ১ | রাজস্ব আয় (২৪ টি খাতে) | ১১০৬.৪০ | ৫৫৯.৩০ | ৫০.৫৬% |
| ২ | সরকারি থোক অনুদান | ১৫০.০০ | ৭৪.৬৮ | ৪৯.৭৯% |
| মোট= | | ১২৫৬.৪০ | ৬৩৩.৯৮ | ৫০.৪৬% |

গত ২০১৮-২০১৯ অর্থ বছরে শেষ তিন মাসে অর্থাৎ এপ্রিল-জুন মাসে আদায় হয়েছিল ১৭৮ কোটি ৪৫ লক্ষ টাকা। ২০১৯-২০২০ চলতি অর্থ বছরে শেষ এ ৩ মাসে প্রায় ২০০ কোটি টাকা আদায়ের সম্ভবনা ছিল। কিন্তু করোনা ভাইরাসের প্রার্দুভাবের কারণে গত ২৬ মার্চ, ২০২০ তারিখ হতে রাজস্ব আদায় বন্ধ রয়েছে। ফলশ্রুতিতে রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হচ্ছে না।

গত ২০১৮-২০১৯ অর্থ বছরের শেষ ৩ মাসের রাজস্ব আয় বিবরণী। (কোটি টাকায়)

| ক্রম | রাজস্ব খাত | এপ্রিল, ২০১৯ | মে, ২০১৯ | জুন, ২০১৯ | মোট |
|---|---|---|---|---|---|
| ০১ | রাজস্ব আয় (২৪টি খাতে) | ৪৯.৮৯ | ৫৭.৯১ | ৭০.৬৫ | ১৭৮.৪৫ |

**প্রতি মাসে ডিএনসিসি'র জরুরি ব্যয়সমূহঃ** (কোটি টাকায়)

| ক্রম | বিবরণ | প্রতি মাসে ব্যয় |
|---|---|---|
| ১ | বেতন ভাতা ও সম্মানী ব্যয় | ১০.০০ |
| ২ | গাড়ির জ্বালানী ব্যয় | ৩.০০ |
| ৩ | বে-সরকারি বর্জ্য ব্যবস্থাপনা ব্যয় | ৫.৫০ |
| ৪ | মশক নিয়ন্ত্রণসহ অন্যান্য (আউট সোর্সিং) ব্যয় | ১.৫০ |
| | মোট ব্যয় | ২০.০০ (বিশ কোটি টাকা) |

মাননীয় মেয়র বলেন, চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে সম্প্রসারিত এলাকার সড়ক উন্নয়নের জন্য প্রতি ওয়ার্ডে ২ কোটি টাকা করে ১৮ ওয়ার্ডে ৩৬ কোটি টাকা এবং পুরাতন এলাকার সড়ক উন্নয়নের জন্য ৫ কোটি টাকা করে ৩৬ ওয়ার্ডে ১৮০ কোটি টাকা মোট ২১৬ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। যার অধিকাংশ কাজ চলমান রয়েছে। কিন্তু রাজস্ব আদায় মারাত্মকভাবে কমে যাওয়ার কারণে বিল পরিশোধ করা সম্ভব হবে না। ফলে আগামী ২০২০-২০২১ অর্থ বছরে অপরিশোধিত কাজের বিল ক্যারিওভার করতে হবে।

ডিএনসিসি'র রাজস্ব আয় থেকে কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা, গাড়ির জ্বালানী, মশক নিয়ন্ত্রণ, পরিচ্ছন্ন কার্যক্রমে প্রতি মাসে প্রায় ২০ কোটি টাকা ব্যয় হচ্ছে। তাছাড়া করোনার এই মহামারী মোকাবেলায় ডিএনসিসি'র নিজস্ব আয় হতে ও ত্রাণ কার্যক্রম চলমান রাখা হচ্ছে।

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | : | ১. ডিএনসিসি'র রাজস্ব আয় বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সর্বক্ষেত্রে ব্যয় সংকোচন নীতি অনুসরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | ১. বিভাগীয় প্রধান (সকল)<br>২. রাজস্ব বিভাগ/হিসাবরক্ষণ বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচি-৬ : বিবিধ**

**বিবিধ আলোচনা**

আলোচনায় অংশগ্রহণ করে মাননীয় মেয়র বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন মার্কেটগুলো থেকে কাঙ্খিত রাজস্ব আহরণ করা সম্ভব হচ্ছে না।এর মধ্যে বেশ কয়েকটি মার্কেট পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। উক্ত মার্কেটগুলোর স্থলে বহুতল আধুনিক মার্কেট-কাম-কমার্শিয়াল ভবন নির্মাণ করে রাজস্ব আয় বাড়ানোর সুযোগ রয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সীমিত আয়ে নিজস্ব অর্থায়নে উক্ত মার্কেটগুলো আধুনিকায়ন সম্ভব হয়ে উঠবেনা। এক্ষেত্রে পুঁজিবাজার হতে 'সিটি বন্ড' এর মাধ্যমে অর্থ সংগ্রহ করা যেতে পারে।

ওয়ার্ড নং-৪ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জামাল মোস্তফা নবনির্বাচিত মেয়র ও সকল কাউন্সিলরকে অভিনন্দন জানান। তিনি দ্রুত প্রয়োজনীয় সংখ্যক স্থায়ী কমিটি ও ARB বোর্ড গঠনের বিষয়ে গুরুত্বারোপ করেন।

ওয়ার্ড নং-৩ এর সম্মানিত কাউন্সিলর জনাব কাজী জহিরুল ইসলাম মানিক বলেন তার ওয়ার্ড এবং পার্শ্ববর্তী ওয়ার্ড ২ ও ৫ এ ক্যাম্প আছে। ক্যাম্পগুলিতে ১০০ স্কয়ার ফিটে ১৮/২০ জন বসবাস করে। ক্যাম্প এলাকায় আংশিক লকডাউন দিয়ে সফল হলে, সারা বাংলাদেশেই এই লকডাউন সফল হবে। তাই ক্যাম্প এরিয়া অর্থাৎ ২,৩, ৫ নম্বর ওয়ার্ডে আংশিক লকডাউনের প্রাধিকার দেওয়ার জন্য অনুরোধ জানান। এ ছাড়াও জোন পর্যায়ে সম্মানিত কাউন্সিলরদের সমন্বয়ে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে মাসিক সমন্বয় সভা করার প্রস্তাব দেন। তার ওয়ার্ডে ওয়ার্ড সচিব পদায়নের দ্রুত ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান।

সংরক্ষিত ওয়ার্ড ০৫ এর সম্মানিত কাউন্সিলর জনাব রাজিয়া সুলতানা ইতি জন্মনিবন্ধন সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরদের কার্যালয় হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুরোধ জানান।

সংরক্ষিত ওয়ার্ড ০১ এর সম্মানিত কাউন্সিলর হাছিনা বারী চৌধুরী সংরক্ষিত আসনের কাউন্সিলরদের কাজের সীমাবদ্ধতা দূর করার জন্য

মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

ওয়ার্ড নং ১৯ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মফিজুর রহমান, বিগত দিনে মাননীয় মেয়র যেভাবে কর্পোরেশনকে সেবা প্রদান করেছেন আগামী ০৫ বছর সে ধারাবাহিকতা বজায় রেখে ডিএনসিসি'কে এগিয়ে নেওয়া এবং সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে উল্লেখ করেন।

ওয়ার্ড নং ১৪ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ হুমায়ুন রশীদ বলেন, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে আঞ্চলিক কার্যালয়ে নিয়মিত সভা করার, ডিএনসিসি'র নগর ভবনে জোন ভিত্তিক টিম লিডারদের জন্য কক্ষ বরাদ্দ প্রদানের এবং ওয়ার্ডের সকল কাজে কাউন্সিলরদের সম্পৃক্ত করারও অনুরোধ ব্যক্ত করেন। এছাড়াও প্রত্যেক বাজেটের আগে কাউন্সিলরদের সাথে সভা করে একটি কার্যকরি ও বাস্তবসম্মত বাজেট তৈরি করার আহ্বান জানান।

ওয়ার্ড ১৮ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জাকির হোসেন মেয়র মহোদয়ের অনুপস্থিতিতে প্রত্যেক কাউন্সিলরকে আলাদা আলাদা করে প্যানেল মেয়রের দায়িত্ব দেওয়ার অনুরোধ জানান। এছাড়াও করোনাভাইরাস মহামারীতে ওয়ার্ড সচিবদের কাজের প্রশংসা করে তাদের প্রণোদনা প্রদানের প্রস্তাব করেন।

ওয়ার্ড ১৭ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ইসহাক মিয়া বক্তব্যের শুরুতে করোনাভাইরাসে মৃতদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং যারা আক্রান্ত তাদের আরোগ্য কামনা করেন। ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

ওয়ার্ড নং ৪৯ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ আনিছুর রহমান নাঈম নতুন এলাকায় জলাবদ্ধতা নিরসনে খাল খননের পদক্ষেপ গ্রহণের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তার ওয়ার্ডের মাঝিবাড়ি ও গাওয়াইর এলাকায় জলাবদ্ধতা নিরসনের এবং নতুন এলাকায় দ্রুত ড্রেনেজ সিস্টেম চালু করার অনুরোধ জানান।

সভাপতি নতুন এলাকার সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরদের নিয়ে আলাদা সভা করার ইচ্ছা প্রকাশ করেন। এছাড়া নতুন এলাকায় ইন্ডাস্ট্রি ও কমার্শিয়াল এর লিস্ট করে তা থেকে কর আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন।

ওয়ার্ড ২৮ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ফোরকান হোসেন বলেন, কর আদায়ে কাউন্সিলরা সাহায্য করবে। তাই কর আদায়ে কাউন্সিলরদের সম্পৃক্ত করার অনুরোধ জানান। এছাড়া তার ওয়ার্ডে ত্রাণ বরাদ্ধ বৃদ্দির জন্য অনুরোধ জানান।

ওয়ার্ড নং-৩৩ এর সম্মানিত কাউন্সিলর জনাব আসিফ আহমেদ বলেন, তার ওয়ার্ডে অনেক গরুর ফার্ম গড়ে উঠেছে। এসব ফার্ম এর বর্জ্য যত্র-তত্র ফেলে রাখার কারণে পরিবেশ নোংরা হচ্ছে এবং মশার প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। এসব ফার্ম জরুরি ভিত্তিতে সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তার ওয়ার্ডে মশককর্মী বাড়ানোর দাবি করেন। এছাড়াও তিনি, বছিলাতে সড়ক বাতির ব্যবস্থা করার অনুরোধ করেন ।

ওয়ার্ড নং ৩১ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ শফিকুল ইসলাম বলেন, নূরজাহান রোডের সরকারি কোয়াটারে জলাবদ্ধতা সৃষ্টি হয়। মেথর প্যাসেজ খুবই অপরিচ্ছন্ন। কেউ সমাধান করছে না। গরুর ফার্মের মালিকরা বর্জ্য ফেলে খাল ভরে ফেলছে। তাদের ট্রেড লাইসেন্স আছে কিনা যাচাই করা দরকার।

ওয়ার্ড-২৫ এর সম্মানিত কাউন্সিলর জনাব আবদুল্লাহ আল মঞ্জুর বলেন, ডিএনসিসি'র পরিচ্ছন্ন কর্মীদের হাসপাতাল থেকে বর্জ্য আনতে হয়। তিনি পরিচ্ছিন্ন কর্মীদের পর্যাপ্ত পিপিই প্রদানের জন্য অনুরোধ জানান।

করোনাভাইরাসের প্রাদুর্ভাব বিবেচনা করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সম্মানিত করদাতাগণের ২০১৯-২০২০ অর্থবছরের বকেয়া হোল্ডিং ট্যাক্স ১৫% সারচার্জ ব্যতিত জমাদানের সময়সীমা বাড়ানোর আলোচনা করা হয়। সভায় উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ২০১৯-২০২০ অর্থবছরের বকেয়া হোল্ডিং ট্যাক্স ১৫% সারচার্জ ব্যতিত জমাদানের সময়সীমা বাড়ানোর বিষয়ে একমত পোষণ করেন।

| বিবিধ সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| 'সিটি বন্ড' এর মাধ্যমে অর্থ সংগ্রহের আইনগত দিক পর্যালোচনা করা প্রয়োজন। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |

| | |
|---|---|
| দ্রুততার সাথে ARB বোর্ড গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরগণ সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে সমন্বয় করে কাজ করবেন। | সকল সম্মানিত কাউন্সিলর (সাধারণ ও সংরক্ষিত) |
| প্রতিটি অঞ্চলে কাউন্সিলরদের নিয়ে নিয়মিত সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল) |
| নতুন এলাকার সাধারণ ও সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরদের সমন্বয়ে একটি সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা |
| হোল্ডিং কর আদায়ে কাউন্সিলরদের সম্পৃক্ত করা যেতে পারে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৩৩ নং ওয়ার্ড পরিদর্শন পূর্বক দ্রুত অবৈধ গরুর খামার অপসারণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, ডিএনসিসি |
| ২০১৯-২০২০ অর্থবছরের বকেয়া হোল্ডিং ট্যাক্স ১৫% সারচার্জ ব্যতিত জমাদানের সময়সীমা আগামী ৩০ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা |

সভায় স্থায়ী কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। সভায় সম্মলিত সকলের মতামত অনুযায়ী নিম্নবর্ণিত সম্মানিত কাউন্সিলরবৃন্দের সমন্বয়ে নিম্নরূপে স্থায়ী কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

**অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মো: জামাল মোস্তফা, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ | সভাপতি |
| ২. | জনাব মো: ইসহাক মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭ | সদস্য |
| ৩. | জনাব মো: জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৮ | সদস্য |
| ৪. | জনাব মোঃ মফিজুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯ | সদস্য |
| ৫. | জনাব আবদুল্লাহ আল মঞ্জুর, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫ | সদস্য |
| ৬. | জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩১ | সদস্য |
| ৭. | জনাব ডি, এম, শামীম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৫০ | সদস্য |
| ৮. | জনাব মোঃ নাসির উদ্দীন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৫৩ | সদস্য |
| ৯. | জনাব হাছিনা বারী চৌধুরী, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০১ | সদস্য |
| ১০. | জনাব হামিদা আক্তার (মিতা), কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১০ | সদস্য |
| ১১. | জনাব মো: জিন্নাত আলী, সাবেক কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭ | সদস্য |
| ১২. | সহকারী সচিব, সংস্থাপন শাখা-২ | সদস্য সচিব |

**বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৮ | সভাপতি |
| ২. | জনাব মোঃ তাইজুল ইসলাম চৌধুরী (বাপ্পি), কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬ | সদস্য |
| ৩. | জনাব মোঃ ইসমাইল মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩ | সদস্য |
| ৪. | জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩১ | সদস্য |
| ৫. | জনাব আসিফ আহমেদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৩ | সদস্য |
| ৬. | জনাব শেখ মোহাম্মদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ | সদস্য |
| ৭. | জনাব মোঃ আনিছুর রহমান নাঈম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪৯ | সদস্য |
| ৮. | জনাব জাহাঙ্গীর হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৫৪ | সদস্য |
| ৯. | জনাব সাহিদা আক্তার শীলা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০২ | সদস্য |
| ১০. | জনাব রোকসানা আলম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১২ | সদস্য |
| ১১. | জনাব মোঃ মোবাশ্বের চৌধুরী, সাবেক কাউন্সিলর | সদস্য |
| ১২. | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য সচিব |

## আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও সন্ত্রাস দমন স্থায়ী কমিটি

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ ইসহাক মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭ | সভাপতি |
| ২. | জনাব মোঃ জামাল মোস্তফা, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ | সদস্য |
| ৩. | জনাব মোঃ মতিউর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬ | সদস্য |
| ৪. | জনাব মোঃ লিয়াকত আলী, কাউন্সিলর, ওয়ার্ড নং-২২ | সদস্য |
| ৫. | জনাব মোঃ শাখাওয়াত হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৩ | সদস্য |
| ৬. | জনাব মোঃ ফোরকান হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৮ | সদস্য |
| ৭. | জনাব আসিফ আহমেদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৩ | সদস্য |
| ৮. | জনাব মোঃ নজরুল ইসলাম ঢালী, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪০ | সদস্য |
| ৯. | জনাব শরিফুল ইসলাম ভূঁঞা, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪৩ | সদস্য |
| ১০. | জনাব রাজিয়া সুলতানা (ইতি), কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০৫ | সদস্য |
| ১১. | জনাব সেলিনা আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১৫ | সদস্য |
| ১২. | উপ প্রধান রাজস্ব কর্মকর্তা (পৌরকর), রাজস্ব বিভাগ | সদস্য সচিব |

## মশক নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি

| | | |
|---|---|---|
| ১. | জনাব দেওয়ান আবদুল মান্নান কাউন্সিলর, ওয়ার্ড নং-১১ | সভাপতি |
| ২. | জনাব মোঃ তফাজ্জল হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭ | সদস্য |
| ৩. | জনাব মুজিব সারোয়ার মাসুম, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯ | সদস্য |
| ৪. | জনাব আবু তাহের, কাউন্সিলর, ওয়ার্ড নং-১০ | সদস্য |
| ৫. | জনাব মোঃ শাখাওয়াত হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৩ | সদস্য |
| ৬. | জনাব মোক্তার সরদার, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৫ | সদস্য |
| ৭. | জনাব আব্দুল মতিন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪১ | সদস্য |
| ৮. | জনাব আইয়ুব আনছার মিন্টু, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪২ | সদস্য |
| ৯. | জনাব আমেনা বেগম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০৭ | সদস্য |
| ১০. | জনাব শাহিন আক্তার সাথী, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১১ | সদস্য |
| ১১. | জনাব আলেয়া সারওয়ার ডেইজী, সাবেক কাউন্সিলর | সদস্য |
| ১২. | স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগ | সদস্য সচিব |

## যোগাযোগ স্থায়ী কমিটি

| | | |
|---|---|---|
| ১. | জনাব মুরাদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-১২ | সভাপতি |
| ২. | জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২ | সদস্য |
| ৩. | জনাব সালেক মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫ | সদস্য |
| ৪. | জনাব মোঃ লিয়াকত আলী, কাউন্সিলর, ওয়ার্ড নং-২২ | সদস্য |
| ৫. | জনাব মোঃ সফিউল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৪ | সদস্য |
| ৬. | জনাব মোঃ সলিমউল্লাহ (সলু), কাউন্সিলর, ওয়ার্ড নং-২৯ | সদস্য |
| ৭. | জনাব মোঃ নজরুল ইসলাম ঢালী, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪০ | সদস্য |
| ৮. | জনাব মোঃ শফিকুল (শফিক), কাউন্সিলর, ওয়ার্ড নং-৪৪ | সদস্য |
| ৯. | জনাব মোতালেব মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪৭ | সদস্য |
| ১০. | জনাব শিখা চক্রবর্তি, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০৪ | সদস্য |
| ১১. | জনাব জাকিয়া সুলতানা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১৭ | সদস্য |
| ১২. | ব্যবস্থাপক (পরিবহন), পরিবহন বিভাগ | সদস্য সচিব |

## শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি

| | | |
|---|---|---|
| ১. | জনাব আব্দুল মতিন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪১ | সভাপতি |
| ২. | জনাব আবু তাহের, কাউন্সিলর, ওয়ার্ড নং-১০ | সদস্য |
| ৩. | জনাব মোঃ ইসমাইল মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩ | সদস্য |
| ৪. | জনাব মোঃ ইসহাক মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭ | সদস্য |
| ৫. | জনাব মোঃ সফিউল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৪ | সদস্য |
| ৬. | জনাব আবুল কাশেম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩০ | সদস্য |
| ৭. | জনাব তৈমুর রেজা, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৬ | সদস্য |
| ৮. | জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৯ | সদস্য |
| ৯. | জনাব মোহাম্মদ শরীফুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৫১ | সদস্য |
| ১০. | জনাব হাছিনা বারী চৌধুরী, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০১ | সদস্য |
| ১১. | জনাব কামরুন নাহার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১৪ | সদস্য |
| ১২. | স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগ | সদস্য সচিব |

## হিসাব নিরীক্ষা ও হিসাবরক্ষণ স্থায়ী কমিটি

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ ফোরকান হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৮ | সভাপতি |
| ২. | জনাব মোঃ তফাজ্জল হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৭ | সদস্য |
| ৩. | জনাব মোঃ মতিউর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৬ | সদস্য |
| ৪. | জনাব মোঃ সলিমউল্লাহ সলু, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৯ | সদস্য |
| ৫. | জনাব আবুল কাশেম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩০ | সদস্য |
| ৬. | জনাব শেখ মোহাম্মদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৪ | সদস্য |
| ৭. | জনাব মোতালেব মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৭ | সদস্য |
| ৮. | জনাব মোহাম্মদ শরীফুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫১ | সদস্য |
| ৯. | জনাব মোঃ নাসির উদ্দীন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫৩ | সদস্য |
| ১০. | জনাব সামসুননাহার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৬ | সদস্য |
| ১১. | জনাব আমেনা বেগম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৭ | সদস্য |
| ১২. | হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ | সদস্য সচিব |

## জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি

| | | |
|---|---|---|
| ১. | জনাব মাসুম গনি, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২১ | সভাপতি |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ নান্নু, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৫ | সদস্য |
| ৩. | জনাব দেওয়ান আবদুল মান্নান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১১ | সদস্য |
| ৪. | জনাব মুরাদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১২ | সদস্য |
| ৫. | জনাব মোঃ হুমায়ুন রশিদ, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৪ | সদস্য |
| ৬. | জনাব তৈমুর রেজা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৬ | সদস্য |
| ৭. | জনাব শেখ সেলিম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৮ | সদস্য |
| ৮. | জনাব মোঃ ফরিদ আহমেদ, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫২ | সদস্য |
| ৯. | জনাব জাহাঙ্গীর হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫৪ | সদস্য |
| ১০. | জনাব নাজমুন নাহার হেলেন, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৯ | সদস্য |
| ১১. | জনাব শাহিন আক্তার সাথী, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১১ | সদস্য |
| ১২. | সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগ, অঞ্চল-০২ | সদস্য সচিব |

## সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্থায়ী কমিটি

| | | |
|---|---|---|
| ১. | জনাব নিলুফার ইয়াসমিন ইতি, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৩ | সভাপতি |

| | | |
|---|---|---|
| ২. | জনাব কাজী জহিরুল ইসলাম মানিক, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৩ | সদস্য |
| ৩. | জনাব আবু তাহের, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১০ | সদস্য |
| ৪. | জনাব মাসুম গনি, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২১ | সদস্য |
| ৫. | জনাব আবুল কাশেম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩০ | সদস্য |
| ৬. | জনাব শেখ সেলিম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৮ | সদস্য |
| ৭. | জনাব মোঃ শফিকুল (শফিক),কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৪ | সদস্য |
| ৮. | জনাব মোতালেব মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৭ | সদস্য |
| ৯. | জনাব ডি, এম, শামীম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫০ | সদস্য |
| ১০. | জনাব শিখা চক্রবর্তি, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৪ | সদস্য |
| ১১. | জনাব কামরুন নাহার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৪ | সদস্য |
| ১২. | সমাজকল্যাণ কর্মকর্তা, সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ | সদস্য সচিব |

**ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৯ | সভাপতি |
| ২. | জনাব মোঃ তাইজুল ইসলাম চৌধুরী (বাপ্পি), কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৬ | সদস্য |
| ৩. | জনাব মোঃ নাছির, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২০ | সদস্য |
| ৪. | জনাব সৈয়দ হাসান নূর ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩২ | সদস্য |
| ৫. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৭ | সদস্য |
| ৬. | জনাব শরিফুল ইসলাম ভূঁঞা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৩ | সদস্য |
| ৭. | জনাব মোঃ জাইদুল ইসলাম মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৬ | সদস্য |
| ৮. | জনাব মোঃ আলী আকবর, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৮ | সদস্য |
| ৯. | জনাব মোহাম্মদ শরীফুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫১ | সদস্য |
| ১০. | জনাব মিতু আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৮ | সদস্য |
| ১১. | জনাব রোকসানা আলম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১২ | সদস্য |
| ১২. | সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা | সদস্য সচিব |

**জলাবদ্ধতা স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবুল কাশেম মোল্লা (আকাশ), কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৮ | সভাপতি |
| ২. | জনাব কাজী জহিরুল ইসলাম মানিক, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৩ | সদস্য |
| ৩. | জনাব মোঃ তাইজুল ইসলাম চৌধুরী (বাপ্পি), কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৬ | সদস্য |
| ৪. | জনাব মোঃ নাছির, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২০ | সদস্য |
| ৫. | জনাব মোক্তার সরদার, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৫ | সদস্য |
| ৬. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৭ | সদস্য |
| ৭. | জনাব আইয়ুব আনছার মিন্টু, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪২ | সদস্য |
| ৮. | জনাব মোঃ আনিছুর রহমান নাঈম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৯ | সদস্য |
| ৯. | জনাব মোঃ ফরিদ আহমেদ, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫২ | সদস্য |
| ১০. | জনাব নিলুফার ইয়াসমিন ইতি, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৩ | সদস্য |
| ১১. | জনাব জাকিয়া সুলতানা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৭ | সদস্য |
| ১২. | নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা ও নকশা বিভাগ | সদস্য সচিব |

**দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব ফরিদুর রহমান খান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৭ | সভাপতি |
| ২. | জনাব কাজী জহিরুল ইসলাম মানিক, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৩ | সদস্য |

| | | |
|---|---|---|
| ৩. | জনাব মুজিব সারোয়ার মাসুম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৯ | |
| ৪. | জনাব মোঃ লিয়াকত আলী, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২২ | সদস্য |
| ৫. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৭ | সদস্য |
| ৬. | জনাব শেখ সেলিম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৮ | সদস্য |
| ৭. | জনাব আব্দুল মতিন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪১ | সদস্য |
| ৮. | জনাব মোঃ জাইদুল ইসলাম মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৬ | সদস্য |
| ৯. | জনাব মোঃ আলী আকবর, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৮ | সদস্য |
| ১০. | জনাব সেলিনা আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৫ | সদস্য |
| ১১. | জনাব ইলোরা পারভীন, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৬ | সদস্য |
| ১২. | সহকারী প্রকৌশলী (পুর), পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল | সদস্য সচিব |

**নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মফিজুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৯ | সভাপতি |
| ২. | জনাব মোঃ আবুল কাশেম মোল্লা (আকাশ), কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৮ | সদস্য |
| ৩. | জনাব মুজিব সারোয়ার মাসুম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৯ | সদস্য |
| ৪. | জনাব সালেক মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৫ | সদস্য |
| ৫. | জনাব মোঃ সফিউল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৪ | সদস্য |
| ৬. | জনাব ফরিদুর রহমান খান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৭ | সদস্য |
| ৭. | জনাব তৈমুর রেজা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৬ | সদস্য |
| ৮. | জনাব মোঃ আনিছুর রহমান নাঈম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৯ | সদস্য |
| ৯. | জনাব জাহাঙ্গীর হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫৪ | সদস্য |
| ১০. | জনাব নাজমুন নাহার হেলেন, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৯ | সদস্য |
| ১১. | জনাব নিলুফার ইয়াসমিন ইতি, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৩ | সদস্য |
| ১২. | নির্বাহী প্রকৌশলী (টিইসি), প্রকৌশল বিভাগ | সদস্য সচিব |

**নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আফছার উদ্দিন খান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০১ | সভাপতি |
| ২. | জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০২ | সদস্য |
| ৩. | জনাব মোঃ জামাল মোস্তফা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৪ | সদস্য |
| ৪. | জনাব দেওয়ান আবদুল মান্নান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১১ | সদস্য |
| ৫. | জনাব শামীম হাসান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৬ | সদস্য |
| ৬. | সৈয়দ হাসান নূর ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩২ | সদস্য |
| ৭. | জনাব শেখ মোহাম্মদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ | সদস্য |
| ৮. | জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৯ | সদস্য |
| ৯. | জনাব মোঃ ফরিদ আহমেদ, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫২ | সদস্য |
| ১০. | জনাব মোঃ নাসির উদ্দীন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫৩ | সদস্য |
| ১১. | জনাব রোকসানা আলম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১২ | সদস্য |
| ১২. | নগর পরিকল্পনাবিদ, নগর পরিকল্পনা বিভাগ | সদস্য সচিব |

**পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ হুমায়ুন রশিদ, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৪ | সভাপতি |
| ২. | জনাব মোঃ আব্দুর রউফ নান্নু, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৫ | সদস্য |
| ৩. | জনাব মাসুম গনি, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২১ | সদস্য |

| | | |
|---|---|---|
| ৪. | জনাব মোঃ শাখাওয়াত হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৩ | সদস্য |
| ৫. | জনাব আবদুল্লাহ আল মঞ্জুর, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৫ | সদস্য |
| ৬. | জনাব মোঃ ফোরকান হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৮ | সদস্য |
| ৭. | জনাব মোঃ সলিমউল্লাহ (সলু), কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৯ | সদস্য |
| ৮. | জনাব জয়নাল আবেদীন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৫ | সদস্য |
| ৯. | জনাব মোঃ জাইদুল ইসলাম মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৬ | সদস্য |
| ১০. | বেগম মেহেরুন্নেছা হক, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৩ | সদস্য |
| ১১. | জনাব কমলা রানী মুক্তা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৮ | সদস্য |
| ১২. | নির্বাহী প্রকৌশলী, পরিবেশ জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল | সদস্য সচিব |

**পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব আসিফ আহমেদ, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৩ | সভাপতি |
| ২. | জনাব মোঃ আবুল কাশেম মোল্লা (আকাশ), কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৮ | সদস্য |
| ৩. | জনাব মোঃ ইসমাইল মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৩ | সদস্য |
| ৪. | জনাব মোঃ হুমায়ুন রশিদ, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৪ | সদস্য |
| ৫. | জনাব মোঃ মতিউর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৬ | সদস্য |
| ৬. | জনাব মোক্তার সরদার, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩৫ | সদস্য |
| ৭. | জনাব আইয়ুব আনছার মিন্টু, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪২ | সদস্য |
| ৮. | জনাব মোঃ শফিকুল (শফিক), কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৪ | সদস্য |
| ৯. | জনাব জয়নাল আবেদীন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৫ | সদস্য |
| ১০. | জনাব সামসুননাহার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৬ | সদস্য |
| ১১. | জনাব ইলোরা পারভীন, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৬ | সদস্য |
| ১২. | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), বিদ্যুৎ সার্কেল | সদস্য সচিব |

**বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | সৈয়দ হাসান নূর ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৩২ | সভাপতি |
| ২. | জনাব মোঃ আফছার উদ্দিন খান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০১ | সদস্য |
| ৩. | জনাব মোঃ তফাজ্জল হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০৭ | সদস্য |
| ৪. | জনাব মুরাদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১২ | সদস্য |
| ৫. | জনাব মোঃ নাছির, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২০ | সদস্য |
| ৬. | জনাব শামীম হাসান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৬ | সদস্য |
| ৭. | জনাব ফরিদুর রহমান খান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৭ | সদস্য |
| ৮. | জনাব শরিফুল ইসলাম ভূঁঞা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৩ | সদস্য |
| ৯. | বেগম মেহেরুন্নেছা হক, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৩ | সদস্য |
| ১০. | জনাব রাজিয়া সুলতানা (ইতি), কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৫ | সদস্য |
| ১১. | জনাব মিতু আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৮ | সদস্য |
| ১২. | উপ প্রধান রাজস্ব কর্মকর্তা (বাজার), রাজস্ব বিভাগ | সদস্য সচিব |

**সম্পত্তি ব্যবস্থাপনা স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব শামীম হাসান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-২৬ | সভাপতি |
| ২. | জনাব মোঃ আফছার উদ্দিন খান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০১ | সদস্য |
| ৩. | জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৮ | সদস্য |
| ৪. | জনাব মোঃ মফিজুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৯ | সদস্য |
| ৫. | জনাব আবদুল্লাহ আল মঞ্জুর, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫ | সদস্য |

| | | |
|---|---|---|
| ৬. | জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩১ | সদস্য |
| ৭. | জনাব মোঃ নজরুল ইসলাম ঢালী, কাউন্সিলর, ওয়ার্ড নং-৪০ | সদস্য |
| ৮. | জনাব জয়নাল আবেদীন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৫ | সদস্য |
| ৯. | জনাব মোঃ আলী আকবর, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৪৮ | সদস্য |
| ১০. | জনাব মিতু আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৮ | সদস্য |
| ১১. | জনাব নাজমুন নাহার হেলেন, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৯ | সদস্য |
| ১২. | সম্পত্তি কর্মকর্তা, সম্পত্তি বিভাগ | সদস্য সচিব |

**নারী ও শিশু স্থায়ী কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | জনাব হাছিনা বারী চৌধুরী, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০১ | সভাপতি |
| ২. | জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-০২ | সদস্য |
| ৩. | জনাব সালেক মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-১৫ | সদস্য |
| ৪. | জনাব ডি, এম, শামীম, কাউন্সিলর, ওয়ার্ড নম্বর-৫০ | সদস্য |
| ৫. | জনাব সাহিদা আক্তার শীলা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০২ | সদস্য |
| ৬. | জনাব শিখা চক্রবর্তি, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০৪ | সদস্য |
| ৭. | জনাব রাজিয়া সুলতানা (ইতি), কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-০৫ | সদস্য |
| ৮. | জনাব সামসুননাহার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৬ | সদস্য |
| ৯. | জনাব আমেনা বেগম, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-০৭ | সদস্য |
| ১০. | জনাব হামিদা আক্তার (মিতা), কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১০ | সদস্য |
| ১১. | জনাব শাহিন আক্তার সাথী, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১১ | সদস্য |
| ১২. | জনাব কামরুন নাহার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নং-১৪ | সদস্য |
| ১৩. | জনাব সেলিনা আক্তার, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৫ | সদস্য |
| ১৪. | জনাব কমলা রানী মুক্তা, কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড নম্বর-১৮ | সদস্য |
| ১৫. | সমাজকল্যাণ কর্মকর্তা, সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ | সদস্য সচিব |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মোঃ আতিকুল ইসলাম)** ১০|৬|২০২০
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০.-১৮০

তারিখঃ ১০ জুন ২০২০ খ্রি:
২৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ..............., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. ................................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৭. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৮. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. অফিস কপি।

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।